



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বরগুনা সদর, বরগুনা।
(www.sadar.barguna.gov.bd)



স্মারক নম্বর- ০৫.১০.০৪২৮.০০৪.০৩.০০২.২৩- ৯৪

তারিখ: ১৬ মাস ১৪২৯
৩০ জানুয়ারী ২০২৩।

হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণীত সরকারি হাট-বাজার ইজারা সংক্রান্ত সর্বশেষ নীতিমালার আলোকে বরগুনা সদর উপজেলাস্থান সরকারি হাট-বাজারসমূহের বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য নিম্নবর্ণিত তারিখ অনুসারে ইজারা প্রদানের জন্য সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের সিডিউল ইজারা ডাকের আগের দিন পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ছাড়াও জেলা প্রশাসক, বরগুনা, সহকারী কমিশনার (ভূমি), বরগুনা সদর, অফিসার ইন-চার্জ, বরগুনা সদর থানা, সোনালী ব্যাংক লিঃ, বরগুনা কোর্ট বিল্ডিং শাখায় অফিস চলাকালীন সময়ে পাওয়া যাবে। নির্ধারিত তারিখে দরপত্র জেলা প্রশাসক, বরগুনা কার্যালয়, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি), বরগুনা সদর কার্যালয়ে সকাল ১০:০০ টা থেকে ১:০০টা পর্যন্ত দাখিল/জমা করা যাবে। ঐ দিনই বেলা ৩:৩০ টায় দরপত্র ডাককারীদের সম্মুখে খোলা হবে (যদি কেহ উপস্থিত থাকেন)।

হাট-বাজারের তালিকা, সিডিউল ও সম্ভাব্য মূল্য:

ক্রমিক নম্বর	হাট-বাজারের নাম	সম্ভাব্য সরকারী মূল্য	সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)	দরপত্র দাখিলের তারিখ		
				২৬/০২/২০২৩ ১ম ডাক	১৬/০৩/২০২৩ ২য় ডাক	৩০/০৩/২০২৩ ৩য় ডাক
০১.	ফুলঝুড়ি	২০১০০০৭.০০	৪৮০০.০০	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
০২.	গুলিশাখালী	১০১৭৭.০০	৫০০.০০	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
০৩.	গৌরিচন্না	৩৫৬২৬৯৫.০০	৭৮০০.০০	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
০৪.	আয়লা	১৬২৭৪৫৩.০০	৪০০০.০০	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
০৫.	ঘটবাড়িয়া	৭২১১৪৮.০০	২২০০.০০	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
০৬.	পুরাকাটা	২৫৬১৭.০০	৫০০.০০	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
০৭.	কদমতলা	৪২৬৬০৫.০০	১৬০০.০০	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
০৮.	বৈকালিন	৭৭৮০৪০.০০	২২০০.০০	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
০৯.	জাংগালিয়া	২৪৭৬৪.০০	৫০০.০০	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
১০.	গোলঝুনিয়া	৮০৬৬৬.০০	৫০০.০০	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
১১.	নলী	১৯২৭৭৯.০০	১০০০.০০	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
১২.	আমতলী	৯০৭৩১.০০	৫০০.০০	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
১৩.	চালিতালী	২২১৫৪০০.০০	৫২০০.০০	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
১৪.	পরীরখাল	৬১৩১৭০.০০	২০০০.০০	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
১৫.	বাবুগঞ্জ	৪৩৫২০১.০০	১৬০০.০০	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
১৬.	গাজী মাহমুদ	১২৩৯.০০	৫০০.০০	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ
১৭.	পিতাম্বরগঞ্জ	৪৪১৭.০০	৫০০.০০	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ


উল্লেখ, ১ম বার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ১৬.০৩.২০২৩ তারিখের ঐ হাট বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে। ২য় বার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ৩০.০৩.২০২৩ তারিখে ঐ হাট বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে।

হাট-বাজার ইজারার শর্তাবলী:

- বাংলা ১৪৩০ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা বন্দোবস্ত দেয়া হবে।
- হাট বাজার ইজারা সংক্রান্ত বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-২ শাখার স্মারক নং ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ তারিখ ২১ সেপ্টেম্বর ২০১১ স্মারক এ বিজ্ঞপ্তি জারি করা হলো।
- ইজারা ডাকে অংশগ্রহণকারীকে সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি অবশ্যই দরপত্রের সাথে দাখিল করতে হবে।

চলমান পাতা-০২

৪. দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যাৰ্পণ করা হবে।
৫. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (স্থূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক হাটটি পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
৬. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অঙ্ক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।
৭. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক পর্যায়ের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য পর্যায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।
৮. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
৯. সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।
১০. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
১১. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
১২. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
১৩. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১৪. ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।
১৫. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
১৬. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা সংবলিত দরপত্র গ্রহণযোগ্য হবে না।
১৭. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
১৮. প্রযোজ্য ক্ষেত্রে হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
১৯. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
২০. কোন হাট ইজারা না হলে তা সরকারি বিধি মোতাবেক খাস আদায়ের অন্তর্ভুক্ত হবে।
২১. শর্তাবলীতে উল্লেখ না থাকার কোন পরিস্থিতি উদ্ভব হলে ক্ষেত্রে সরকারি সংশ্লিষ্ট বিধিবিধান অনুসরণ করা হবে।


 (মোঃ কাওছার হোসেন) ৩৪০২
 উপজেলা নির্বাহী অফিসার
 বরগুনা সদর, বরগুনা।
 ফোনঃ ০৪৪৮-৬২৬৪৯

unobarguna@mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.১০.০৪২৮.০০৪.০৩.০০২.২৩- ৯৪/১

তারিখ: ১৬ মাঘ ১৪২৯
৩০ জানুয়ারী ২০২৩।

- সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
০১. জেলা প্রশাসক, বরগুনা।
 ০২. পুলিশ সুপার, বরগুনা।
 ০৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বরগুনা।
 ০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, বরগুনা।
 ০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর/আমতলী/তালতলী/ বেতাগী/বামনা/পাথরঘাটা, বরগুনা।
 ০৬. উপজেলা নির্বাহী অফিসার, আমতলী/বেতাগী/বামনা/তালতলী/পাথরঘাটা, বরগুনা।
 ০৭. মেয়র, বরগুনা/আমতলী/পাথরঘাটা/বেতাগী পৌরসভা, বরগুনা।
 ০৮. সহকারি কমিশনার (ভূমি), বরগুনা সদর/আমতলী/পাথরঘাটা/বামনা/বেতাগী/তালতলী।
 ০৯. জেলা তথ্য অফিসার, বরগুনা।
 ১০. অফিসার ইনচার্জ, বরগুনা থানা, বরগুনা।